মুজিবনগরে প্রধানমন্ত্রীর উপহার হিসাবে ৬ জন ভূমিহীন ও গৃহহীন পরিবার পেল গৃহ ও জমি

মুজিববর্ষে দেশের একজনও ভূমিহীন ও গৃহহীন থাকবে না প্রধানমন্ত্রী শেখ হাসিনা’র ঘোষণাযায়ী বৃহস্পতিবার সকালে দেশব্যাপী ভূমিহীন ও গৃহহীন পরিবারের কাছে নব নির্মিত দুই কক্ষ বিশিষ্ট সেমি পাকা ঘরের চাবি ও জমির দলিল হস্তান্তর করা হয়েছে।

প্রধানমন্ত্রী গণভবন থেকে ভার্চুয়ালি এ কার্যক্রমের শুভ উদ্বোধন করেন। বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা ভূমিহীন ও গৃহহীন পরিবারের উন্নত জীবন গঠনে এবং বঙ্গবন্ধুর স্বপ্ন পূরণে সোনার বাংলা গড়তে দেশে কোন ঠিকানা বিহীন বা গৃহহীন মানুষ থাকবে না বলে যে ঘোষনা দিয়েছিলেন। এই কার্যক্রমের অংশ হিসেবে মুজিবনগর উপজেলা প্রশাসন তৃতীয় পর্যায়ে ৬ জন ভূমিহীন ও গৃহহীন পরিবারের বসবাসের জন্য জমির দলিল ও নতূন ঘরের চাবি তুলে দিয়েছেন।

ঘরের দলিল হস্তান্তর উপলক্ষে,উপজেলা পরিষদ মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে, উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের সভাপতিত্বে,প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রশাসক ডঃ মোহাম্মদ মনসুর আলী খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলার অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল)অপু সরোয়ার,মুজিবনগর থানা ইনচার্য ওসি মেহেদি রাসেল,উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা,সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ,উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন,দারিয়াপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মোস্তকিম হক খোকন কমান্ডার সহ উপজেলা প্রশাসনের কর্মকর্তা কর্মচারি বৃন্দ মুক্তিযোদ্ধা,আওয়ামীলীগ সহ অংগসংগঠনের নেতৃবৃন্দ,সাংবাদিক ও সুধিবৃন্দ উপস্থিত ছিলেন।

একটি সেলাই মেশিন দিয়ে মিনি গার্মেন্টস ফ্যাক্টরি গড়ে তোলা সম্ভব —-অ্যাড. ইয়ারুল ইসলাম

মেহেরপুর সদর উপজেলা চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম বলেছেন, কর্মদক্ষতা, প্রবল আত্মশক্তি ও পরিকল্পনা থাকলে একটি সেলাই মেশিন দিয়ে শুরু করে ছোট মিনি গার্মেন্টস ফ্যাক্টরি গড়ে তোলা সম্ভব।

এজন্য এখন থেকে আত্ম প্রত্যয়ি হতে হবে। এখন ছোট্ট গ্রামে বসেও অনেক কিছু করা সম্ভব। কারণ, ঢাকার অনেক বড় বড় গার্মেন্টস ফ্যাক্টরি বা ফ্যাশন হাউজগুলো গ্রামীণ নারীদের তৈরী বিশেষ করে বুটিক, নকশীকাথাসহ সুঁচ সেলাইয়ের অনেক পণ্য নিয়ে থাকে। তাই নারীদের বেশী বেশী করে এসব কাজে সম্পৃক্ত হতে হবে।

সদর উপজেলার গরীব, অসহায় নারীদের মধ্যে সেলাই মেশিন বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

আজ সোমবার (২০ জুন) সকাল ১১ টার সময় উপজেলা পরিষদ হলরুমে ২০২১-২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)’র অর্থায়নে উপজেলার ৮০ জন গরীব অসহায় নারীদের মধ্যে এ সেলাই মেশিন বিতরণ করা হয়।

সদর উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে অনুষ্ঠিত সেলাই মেশিন বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, সদর উপজেলা মহিলা ভাইসচেয়ারম্যান লতিফুন্নেছা লতা, সদর উপজেলা প্রকৌশলী আব্দুল হামিদ।

সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আনোয়ার হোসেনের সঞ্চালনায় অনুষ্ঠিত সেলাই মেশিন বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ইয়ারুল ইসলাম আরো বলেন, নারীদের উন্নয়নে সরকার তার সবগুলো দপ্তরের মাধ্যমে বিভিন্ন কর্মসূচী হাতে নিয়েছেন। এসব সুযোগুলো কাজে লাগিয়ে নারীদের এগিয়ে যেতে হবে। একটা সমাজ ও দেশকে এগিয়ে নিতে নারী উন্নয়নের কোনো বিকল্প নেই। তাই পুরুষের পাশাপাশি

নারীদের হাত দুটিকেও কর্মের হাত বানাতে হবে।

সভাপতির বক্তব্যে সদর উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন বলেন, সমাজের একটা বড় অংশই নারী। তাই নারীদের পিছিয়ে রেখে সমাজকে এগিয়ে নেয়া সম্ভব নয়। তাই নারী পুরুষকে এক সাথে কাজ করে দেশকে এগিয়ে নিতে হবে।